সংবাদ

তারিখ 15 NOV 2007
পৃষ্ঠা ১২ কলাম ৭

# রাজস্ব খাতে নিয়োগ পাচ্ছেন প্রায় ১৩ হাজার শিক্ষক

নিজস্ব বার্তা পরিবেশক

বিভিন্ন প্রকল্পের আওতাধীন ১২ হাজার ৭৪৪ জন সহকারী শিক্ষককে আগামী ডিসেম্বর মাসের মধ্যে রাজস্ব খাতে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি-২ (পিইডিপি-২) এর মধ্যমেয়াদি পর্যালোচনা সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় উন্নয়ন সহযোগী ১১টি দেশ/ সংস্থা এবং বাংলাদেশ সরকার যৌথভাবে পিইডিপি-২ এর অগ্রগতি পর্যালোচনা করে।

সম্প্রতি অনুষ্ঠিত মধ্যমেয়াদি পর্যালোচনা সভায় বলা হয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে 'অর্থ ও সংগ্রহ বিভাগ' নামে একটি নতুন বিভাগ প্রতিষ্ঠা করা হয়েছে। এছাড়া পূর্ববর্তী বিভিন্ন প্রকল্পের আওতাধীন ৯ হাজার সহকারী শিক্ষকের পদসহ ১১ হাজার পদ রাজস্ব খাতে স্থানান্তর করা হবে। প্রকল্পকালীন ৩৫ হাজার শিক্ষক নিয়োগের বিপরীতে ২০০৬ সালে ১২ হাজার ৩৪ জন শিক্ষককে রাজস্ব খাতে স্থানান্তর করা হয়। সভায় ভবিষ্যৎ কর্মকৌশল হিসেবে ডিসেম্বর মাসের মধ্যে বিভিন্ন প্রকল্পের আওতাধীন ১২ হাজার ৭৪৪ জন সহকারী শিক্ষককে স্থানান্তর করা হবে। এছাড়া ৩০ হাজার শ্রেণীকক্ষ নির্মাণের লক্ষ্যমাত্রার বিপরীতে প্রায় ১৫ হাজার নতুন শ্রেণীকক্ষ নির্মাণ করা হয়েছে। প্রতি বছর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহের মধ্যে ৫ কোটি পাঠ্যপুস্তক বিনামূল্যে সরবরাহ করা হবে। ৪৫ হাজার

শিক্ষক : পৃঃ ২ কঃ ৬

## শিক্ষক : নিয়োগ পাচ্ছেন

(১২ পৃষ্ঠার পর)

শিক্ষককে সার্টিফিকেট-ইন-এডুকেশন প্রশিক্ষণ প্রদান করা হবে। পিইডিপি-২ এর আওতায় ৯০ হাজার শিক্ষককে সার্টিফিকেট-ইন-এডুকেশন প্রশিক্ষণ দেয়া হবে।

৮টি স্তরে সব শিশুর গুণগত মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে পিইডিপি-২ প্রকল্পটি কাজ করছে। এগুলো হলো– প্রাতিষ্ঠানিক দক্ষতা উন্নয়ন, বিদ্যালয় ও শ্রেণীকক্ষ পর্যায়ে উন্নয়ন, ভৌত অবকাঠামোগত উন্নয়ন এবং মানসম্পন্ন শিক্ষায় অধিগম্যতা।